LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বৃহস্পতিবার ৮ই ফেব্রুয়ারি **২০১৮ ইং**

আরো ৪০ মেগাওয়াট সক্ষমতা যোগ করতে চায় ইউনাইটেড পাওয়ার

লাইসেন্সের শর্ত অনুযায়ী ঢাকা ও চট্টগ্রাম ইপিজেডের দুটি বিদ্যুৎকেন্দ্রে আরো ৪২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা অর্জন করতে পারবে ইউনাইটেড পাওয়ার জেনারেশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন লিমিটেড। প্রতিষ্ঠানের আয় বাড়াতে দ্রুতই এ সক্ষমতা কার্যকর করতে চান এর উদ্যোক্তারা। তবে বিষয়টি প্রাথমিক জ্বালানি গ্যাসের প্রাপ্যতার ওপর নির্ভর করছে। সক্ষমতার সর্বোচ্চ সদ্ব্যবহারে লাভজনক ক্রেতার অনুসন্ধানও চালিয়ে যাচ্ছে বাণিজ্যিক আইপিপি কোম্পানিটি। প্রথমার্ধের আর্থিক ফলাফল পর্যালোচনা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কোম্পানির উদ্যোক্তারা গতকাল এ তথ্য দেন। রাজধানীর গুলশানে নিজস্ব কার্যালয়ে দ্বিতীয়বারের মতো আয়োজিত এ আর্নিং কলে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, বিশ্লেষক ও সংবাদকর্মীদের সামনে পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠানটির পরিচালন কর্মকাণ্ড, ব্যবসায়িক অবস্থা ও আর্থিক ফলাফল উপস্থাপন করেন এর কর্মকর্তা ও উদ্যোক্তা-পরিচালকরা। এ সময় পর্ষদ চেয়ারম্যান জেনারেল (অব.) মোহাম্মদ আব্দুল মুবীন, ব্যবস্থাপনা পরিচালক মঈনুদ্দিন হাসান রশীদ, পরিচালক হাসান মাহমুদ রাজা, মালিক তালহা ইসমাঈল বারী, প্রধান অর্থ কর্মকর্তা মো. ইবাদত হোসেন ভূঁইয়াসহ কোম্পানির অনেক জ্যেষ্ঠ কর্মকর্তা উপস্থিত ছিলেন। http://bonikbarta.net

একদিন পরই সূচকের পতন

সপ্তাহের তৃতীয় কার্যদিবসে (মঙ্গলবার) পুঁজিবাজারে উত্থান হলেও এর পরের কার্যদিবসেই (বুধবার) আবারো সূচকের পতন ঘটেছে। এদিন দেশের দুই স্টক এক্সচেঞ্জেই সূচকের নিম্নমুখী প্রবণতায় লেনদেন শেষ হয়েছে। এর মধ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) লেনদেনের শুরুতেই বিক্রয় চাপে টানা নামতে থাকে সূচক। মাঝে কিছুটা ঘুরে দাঁড়ানোর চেষ্টা করলেও শেষ পর্যন্ত পতনের মধ্য দিয়েই লেনদেন শেষ হয়। এ সময় বেশির ভাগ কোম্পানির শেয়ারদর কমলেও আগের কার্যদিবসের তুলনায় লেনদেন কিছুটা বেড়েছে। দিন শেষে ডিএসইর ব্রড ইনডেক্স আগের দিনের চেয়ে ১২ দশমিক ৯০ পয়েন্ট কমে অবস্থান করছে ৫৯৩৬ পয়েন্টে। আর ডিএসই শরিয়াহ সূচক ১ দশমিক ৩৭ পয়েন্ট কমে অবস্থান করছে ১৩৮৪ পয়েন্টে ও ডিএসই ৩০ সূচক দশমিক শূন্য ৩ পয়েন্ট কমে অবস্থান করছে ২২১৬ পয়েন্টে। দিনভর লেনদেন হওয়া ৩৩৪টি কোম্পানি ও মিউচুয়াল ফান্ডের মধ্যে দর বেড়েছে ১০৮টির, কমেছে ১৭৭টির ও অপরিবর্তিত রয়েছে ৪৯টির। আর দিন শেষে লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ৩৯৮ কোটি ১৩ লাখ ৩৩ হাজার টাকা।http://bonikbarta.net

অর্থনৈতিক চ্যালেঞ্জ বিবেচনায় বাজেট প্রস্তাবনা প্রণয়নের উদ্যোগ

চলতি অর্থবছরের সাত মাস পেরিয়ে গেছে। জুনে আগামী অর্থবছরের (২০১৮-১৯) বাজেট পেশ করা হবে। জাতীয় সংসদ নির্বাচনও আসন্ন। তাই নতুন জাতীয় বাজেট হবে নির্বাচনী বাজেট। আগামী অর্থবছরের বাজেট অর্থনীতি, শিল্প ও বাণিজ্যবান্ধব হবে— ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন হিসেবে এমনটাই চাওয়া ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই)।বৈশ্বিক অর্থনৈতিক ব্যবস্থার সামগ্রিক প্রেক্ষাপটে দেশের অর্থনীতি ও শিল্প-বাণিজ্যে যেসব চ্যালেঞ্জ তৈরি হয়েছে, সেগুলো বিবেচনায় রেখে ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় বাজেট প্রস্তাবনা তৈরির উদ্যোগ নিয়েছে এফবিসিসিআই। এ লক্ষ্যে এরই মধ্যে কার্যক্রম গ্রহণ করেছে

সংগঠনটি। সদস্য সংগঠনগুলোর কাছ থেকে পাওয়া প্রস্তাবের ওপর ভিত্তি করে আমদানি শুল্ক, আয়কর ও মূল্য সংযোজন কর সম্পর্কিত প্রাথমিক প্রস্তাবনা প্রণয়ন করবে এফবিসিসিআই।http://bonikbarta.net

১৫ফেব্রুয়ারি রাজধ ১৭-ানীতে বসছে আইপে ফাল্গুনী উদ্যোক্তা হাট

আগামী ১৫-১৭ ফেব্রুয়ারি রাজধানীতে পঞ্চমবারের মতো বসছে 'আইপে ফাল্গুনী উদ্যোক্তা হাট ২০১৮'। আত্মকর্মসংস্থানে তরুণদের অনুপ্রাণিত করার প্লাটফর্ম 'চাকরি খুঁজব না, চাকরি দেব' গ্রুপ এ আয়োজনের উদ্যোক্তা। ধানমন্ডির ২৭ নম্বর রোডে অবস্থিত উইমেনস ভলান্টারি অ্যাসোসিয়েশন (ডব্লিউভিএ) ভবনের তিনটি রুমে এ হাট অনুষ্ঠিত হবে। উদ্যোক্তা হাটের আহ্বায়ক এমএম মোস্তাফিজুর রহমান বায়েজিদ জানান, তরুণ উদ্যোক্তাদের পণ্য ও সেবা সরাসরি তাদের ক্রেতাদের সামনে তুলে ধরা এবং অনলাইন উদ্যোক্তাদের সঙ্গে তাদের গ্রাহকদের প্রত্যক্ষ পরিচয় করিয়ে দেয়ার জন্য এ আয়োজন। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত হাট খোলা থাকবে। http://bonikbarta.net

রেকর্ড বাণিজ্য ঘাটতিতে যুক্তরাষ্ট্র

যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতির পরিমাণ গত ডিসেম্বরে আশঙ্কাকে ছাড়িয়ে গেছে। যা ২০০৮ সালের পর থেকে সর্বোচ্চ। দৃঢ় অভ্যন্তরীণ চাহিদার ফলে আমদানি রেকর্ড পরিমাণে বেড়ে যাওয়ায় এ ঘাটতি হয়েছে। ফলে বেশ কয়েকটি বাণিজ্য চুক্তি পুনর্বিবেচনা করার জন্য ট্রাম্প প্রশাসনের ওপর চাপ বৃদ্ধি পাবে। খবর রয়টার্স। মঙ্গলবার বাণিজ্য বিভাগের প্রকাশিত প্রতিবেদনটিতে ইঙ্গিত দেয়া হয়েছে যে, উচ্চমাত্রার আমদানির ফলে বেড়ে যাওয়া বাণিজ্য ঘাটতির কারণে বছরে ৩ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের বিষয়টি কঠিন হতে পারে। পাশাপাশি আশঙ্কা করা হচ্ছে, জানুয়ারি থেকে কার্যকর হওয়া ১ দশমিক ৫ ট্রিলিয়ন ডলারের কর কর্তন প্যাকেজের কারণে আমদানি আরো বেড়ে যেতে পারে। যুক্তরাষ্ট্রে এমন একসময় এ কর কর্তনের সিদ্ধান্তটি কার্যকর হচ্ছে, যখন অর্থনীতিতে কর্মসংস্থান প্রায় পরিপূর্ণ। এর ফলে যে বাড়তি চাহিদা দেখা দেবে, তা মেটাতে হলে আরো বেশি আমদানির প্রয়োজন হবে। http://bonikbarta.net

সুদের হার অপরিবর্তিত রাখল ভারতের কেন্দ্রীয় ব্যাংক

ভারতের কেন্দ্রীয় ব্যাংক সুদের হার সাত বছরের মধ্যে সর্বনিম্নে অপরিবর্তিত রেখেছে। মূল্যস্ফীতি বৃদ্ধি এবং তেলের মূল্যবৃদ্ধির আশঙ্কায় বুধবার এ সিদ্ধান্ত নেয়া হয়। খবর এএফপি। রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া (আরবিআই) জানায়, রেপো হার, অর্থাৎ যে হারে ব্যাংকটি বাণিজ্যিক ব্যাংকগুলোকে ঋণ প্রদান করে, ৬ শতাংশে অপরিবর্তিত থাকবে। আরবিআইয়ের এ সিদ্ধান্তে বিশ্লেষকদের প্রত্যাশরই প্রতিফলন ঘটেছে। এক বিবৃতিতে আরবিআই জানায়, মনিটারি পলিসি কমিটি (এমপিসি) লক্ষ করছে যে, মূল্যস্ফীতির পূর্বাভাস কিছু অনিশ্চয়তার দ্বারা মেঘাচ্ছন্ন। এ কারণে সম্ভাব্য মূল্যস্ফীতি পরিস্থিতি মোকাবেলায় আগামী কয়েক মাসে এর দিকে কড়া নজর রাখা জরুরি। http://bonikbarta.net

আমদানিতে যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে শীর্ষে চীন

বিশ্বের সবচেয়ে জনবহুল দেশ চীন। সেই সঙ্গে দেশটিতে অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি দ্রুত বিকাশ লাভ করছে। একদিকে বাড়তি জনসংখ্যা, অন্যদিকে বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ হওয়ার পরিকল্পনা বাস্তবায়নের কারণে চীনে জ্বালানির চাহিদা ক্রমবর্ধমান হারে বাড়ছে। বাড়তি অভ্যন্তরীণ জ্বালানি চাহিদার বড় একটা অংশ আমদানিকৃত অপরিশোধিত জ্বালানি তেলের মাধ্যমে পূরণ করে বেইজিং। ফলে প্রতি বছরই দেশটিতে অপরিশোধিত জ্বালানি তেল আমদানি বাড়ছে। এ ধারাবাহিকতায় ২০১৭ সালে জ্বালানি পণ্যটির আমদানিতে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে গেছে চীন। যুক্তরাষ্ট্রের এনার্জি ইনফরমেশন অ্যাডমিনিস্ট্রেশনের (ইআইএ) সাম্প্রতিক এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এর মধ্য দিয়ে দেশটি অপরিশোধিত জ্বালানি তেল আমদানিকারকদের বৈশ্বিক তালিকায় একক দেশ হিসেবে শীর্ষে পৌঁছে গেছে। খবর রয়টার্স ও অয়েলপ্রাইস ডটকম।http://bonikbarta.net